# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**23-05-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভার পুনর্নির্বাচনে বিজেপি প্রার্থী দেবাংশু পান্ডা ১৩ রাউন্ড গণনার শেষে ৫৮ হাজার ২৩৪ ভোটে এগিয়ে আছেন ।

২) সরকারী চাকরির পরীক্ষায় নিয়োগে স্বচ্ছতা আনতে রাজ্য সরকার আগামী ৬-ই জুন বৈঠক ডেকেছে।

৩) রাজ্যে ইঞ্জিনিয়ারিং, ফার্মসি ও আর্কিটেকচার কোর্সে ভর্তির জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা আজ নেওয়া হচ্ছে।

৪) বে-আইনী নির্মাণ ভাঙতে কলকাতার পাঁচ জায়গায় অভিযান চালিয়েছে পুরসভা।

তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় তাঁর সম্পত্তির মূল্যায়ণ ও বে-আইনী অংশ ভাঙার নোটিশের প্রেক্ষিতে ১০ দিন সময় চেয়েছেন।

৫) IPL ক্রিকেটে আজ ইডেনে, কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটাল্‌সের মুখোমুখি হবে।

ooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভার পুনর্নির্বাচনে, বিজেপি প্রার্থী দেবাংশু পাণ্ডা এগিয়ে রয়েছেন।

ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ে আজ সকাল ৮'টা থেকে ভোটগণনা শুরু হলে, প্রথম রাউন্ড থেকেই তিনি বড় ব্যবধানে এগিয়ে যান।

১৩ রাউন্ড শেষে তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বাম জোটের প্রার্থী শম্ভুনাথ কুর্মি-র চেয়ে ৫৮ হাজার ২৩৪ ভোটে এগিয়ে আছেন। গণনায় বিজেপি পেয়েছে ৮৭ হাজার ৩৬৭ ভোট। CPIM পেয়েছে ২৯ হাজার ১৩৩ ভোট। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – গৌতম)

কংগ্রেস তৃতীয় এবং তৃণমূল প্রার্থী চতুর্থ স্থানে রয়েছে। মোট ১৪টি টেবিলে গণনা চলছে। ২১ রাউন্ডে ভোটগণনা হওয়ার কথা রয়েছে।

oooooooooooooooooooo

সরকারি চাকরির পরীক্ষায় নিয়োগ পদ্ধতিতে স্বচ্ছতা আনতে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। পাবলিক সার্ভিস কমিশন, স্কুল সার্ভিস কমিশন, কলেজ সার্ভিস কমিশনের মত রাজ্যের সমস্ত সরকারি চাকরির নিয়ামক ও আয়োজক সংস্থাকে নিয়ে আগামী ৬-ই জুন নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে প্রস্তাবিত এই বৈঠক ডাকা হয়েছে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে পরীক্ষার্থীদের হাতে ওএমআর শিটের উত্তরপত্রের কার্বন কপি দেওয়া সহ মৌখিক পরীক্ষায় ন্যূনতম নাম্বার রাখার মত বিষয়গুলিকে নিয়ে আগামী ১৮ই জুন থেকে শুরু হতে চলা বিধানসভার আসন্ন বাজেট

অধিবেশনে এই সংক্রান্ত নতুন নিয়োগ নীতি চালু করতে বিল আনা হবে বলে মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুলের পঠন-পাঠন সংক্রান্ত সার্বিক বিষয় খতিয়ে দেখতে স্কুল পরিদর্শকদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে বসতে চলেছে শিক্ষা দফতর। এমাসের ২৮ ও ২৯ তারিখ জেলা ভাগ করে এই বৈঠক ডাকা হয়েছে। গরমের ছুটির পর স্কুল খোলার সিদ্ধান্ত, প্রার্থনা সঙ্গীতে বন্দেমাতরম বাধ্যতামূলক করা, পাঠ্যপুস্তক বিতরণ, বিভিন্ন স্কুলের শিক্ষকদের সংখ্যা সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি বছরের জুলাই মাস থেকেই কেন্দ্রের **'আয়ুষ্মান ভারত' প্রকল্পের কার্ড,** রাজ্যের মানুষের হাতে তুলে দেওয়া সম্ভব হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার সঙ্গে ভার্চুয়াল বৈঠকের পর গতকাল নবান্নে মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল ও প্রধান উপদেষ্টা সুব্রত গুপ্তর সঙ্গে এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, পূর্বতন সরকারের 'স্বাস্থ্য সাথী' প্রকল্পের সঙ্গে যুক্ত ৬ কোটির বেশি মানুষ সরাসরি আয়ুষ্মান ভারত প্রকল্পের আওতায় আসবেন।

মুখ্যমন্ত্রী জানান, আয়ুষ্মান ভারতের জন্য ৯৭৬ কোটি টাকা, কেন্দ্র বরাদ্দ করেছে। চলতি অর্থবর্ষে **'ন্যাশনাল হেলথ মিশনে'**র আওতায় এরাজ্যের জন্য বরাদ্দ হয়েছে ২'হাজার ১০৩ কোটি টাকা, ইতোমধ্যেই ৫০০ কোটি টাকার বেশী রাজ্যের অ্যাকাউন্টে ঢুকেছে।

জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে এরাজ্যে আগামী ৩০শে মে টিকাকরণ কর্মসূচি শুরু হবে। নবান্নে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, ওইদিন বিধাননগর মহকুমা হাসপাতালে ওই কর্মসূচির সূচনা করবেন তিনি। রাজ্যের জন্য এই টিকার ৭ লক্ষেরও বেশি ডোজ বরাদ্দ করেছে কেন্দ্রীয় সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে, জমি জটের কারণে রেলের আটকে থাকা সমস্ত প্রকল্প পুনরায় চালু করতে রাজ্যের মুখ্যমন্ত্রী উদ্যোগী হয়েছেন বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। কলকাতায় গতকাল **১৯**-তম রোজগার মেলা উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দেওয়ার পর সাংবাদিকদের তিনি বলেন, এরাজ্যে প্রায় **৬১**'টি রেল প্রকল্প জমি জটের কারণে আটকে আছে। এব্যাপারে মুখ্যমন্ত্রী রেলের সংশ্লিষ্ট জোনের জেনারেল ম্যানেজারের সঙ্গে আলোচনা শুরু করেছেন।

উল্লেখ্য, বিগত তৃণমূল কংগ্রেস সরকারের জমি নীতির জন্য রেলের বেশ কিছু প্রকল্প আটকে ছিল বলে অভিযোগ।

oooooooooooooooooooo

রাজ্য জয়েন্ট এন্ট্রান্সের পরীক্ষা আজ অনুষ্ঠিত হচ্ছে। মোট ২৬৭ টি কেন্দ্রে পরীক্ষা চলছে। এবছর রাজ্য জয়েন্টের পরীক্ষার্থীর সংখ্যা এক লক্ষ কুড়ি হাজার ৮৫৬ জন। পরীক্ষা কেন্দ্রগুলিতে কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রে ঢোকার আগে নিবিড়ভাবে তল্লাশি করা হয় পরীক্ষার্থীদের। মোবাইল, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ সহ যেকোনো ইলেকট্রনিক্স সামগ্রী নিয়ে ঢোকা নিষিদ্ধ।

প্রথম পত্রে অংকের পরীক্ষা চলে সকাল **১১** টা থেকে দুপুর **১** টা পর্যন্ত। দ্বিতীয় পত্রে পদার্থবিদ্যা ও রসায়নের পরীক্ষা হবে দুপুর ২ টো থেকে বিকেল ৪ টে পর্যন্ত। ওএমআর সিটে পরীক্ষা নেওয়া হচ্ছে। রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মেসি এবং আর্কিটেকচারের কোর্সে ভর্তির জন্য এই পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়।

oooooooooooooooooooooooo

কলকাতার বেলেঘাটা, কসবা, তিলজলা থানার পাঁচটি জায়গায় বেআইনি নির্মাণ ভেঙে দিতে আজ অভিযান চালিয়েছে কলকাতা পুরসভা। এই অভিযানে কলকাতা পুলিশ সহায়তা করে।

কলকাতার ৬৬ নম্বর ওয়ার্ডে ভাঙ্গা হয়েছে বেআইনি ভাবে নির্মিত কয়েকটি বাড়ি ও দোকান। বেলেঘাটার ইস্ট কুরিয়া রোডে তৃণমূল নেতা রাজু নস্করের নির্মীয়মান বাড়িটিও ভেঙে দেওয়া হয়েছে।।

কসবায় বেআইনি নির্মাণ ভাঙতে বুলডোজার ব্যবহার করা হয়। সেখানেই নিয়ম না মেনে পাঁচতলা বাড়ি বানানোর অভিযোগ রয়েছে। অভিযানের সময় ঘটনাস্থলে ছিলেন পুরমন্ত্রী অগ্নিমিত্রা পল। তিনি কলকাতা পুরসভার কর্মী ও পুলিশের সঙ্গে ও কথা বলেন ।

( বাইট- অগ্নিমিত্রা পল)

এই কাজ করার সময় যেন আশপাশের বৈধ বাড়ির কোনও ক্ষয়ক্ষতি না হয়, সে বিষয়ে পুর কর্মী দের সাবধান করে দেন মন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সম্পত্তির মূল্যায়ণ ও বাড়ির বে-আইনী অংশ ভাঙার বিষয়ে কলকাতা পুরসভার নোটিশের প্রেক্ষিতে ১০ দিনের সময় চেয়েছেন তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জী। সোমবারই পুরসভার দেওয়া নোটিশের সময়সীমা শেষ হচ্ছে। এই নোটিশে নিয়ম মেনে তার বাড়ি নির্মাণ হয়েছিল কিনা জানতে চাওয়া হয়েছিল।

অন্যদিকে, শান্তিনিকেতন নামে অভিষেকের বাসভবনের বে-আইনী অংশ ভাঙারও নোটিশ দিয়েছিল পুরসভা।

এছাড়া তাঁর ১৭-টি সম্পত্তি নিয়ে পুরসভা নোটিশ দেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলী জেলার কোন্নগরে, বেআইনী নির্মাণের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে কোন্ননগর পুরসভার তৃণমূল কংগ্রেস পুর প্রতিনিধি খোকন পাল। দীর্ঘ ২০ বছর সরকারি জমি দখল করে সেখানে তিনি ইমারতি ব্যবসা চালাচ্ছিলেন বলে অভিযোগ।

উত্তরপাড়ার বিধায়ক দীপাঞ্জন চক্রবর্তীর নির্দেশে কোন্নগর স্টেশনের আন্ডারপাস সংলগ্ন বেআইনী টোল প্লাজা, গতকাল ভেঙে দেওয়া হয়। ওই ঘটনার পরই খোকন পালকে তার বেআইনী ইমারতি ব্যবসার জন্য গ্রেপ্তার করা হয়।

ooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানে একশ দিনের কাজের জব কার্ডের টাকা দুর্নীতি এবং জালিয়াতির অভিযোগ তুলে পুলিশের দ্বারস্থ হয়েছেন পূর্ব ভাতার ব্লকের এরুয়ার গ্রাম পঞ্চায়েতের একদল মহিলা। অভিযোগের তীর সরাসরি এরুয়ার গ্রাম পঞ্চায়েতের প্রধান শেখ হাসমত, উপপ্রধান নীলকান্ত অধিকারী সহ স্থানীয় তৃণমূল নেতাদের বিরুদ্ধে।

ভাতার থানায় গতকাল লিখিত অভিযোগ দায়ের করেন ভুক্তভোগী মহিলারা। তাঁদের মূল অভিযোগ, কাজ না করিয়েই তাঁদের নামের জব কার্ড ও ব্যাংক অ্যাকাউন্ট ব্যবহার করে লক্ষ লক্ষ টাকা তুলে নেওয়া হয়েছে, যার কোনোও হদিস তাঁরা জানেন না। এই দুর্নীতির কথা জানতে পারায় উপপ্রধান নীলকান্ত অধিকারী বাড়িতে চড়াও হয়ে মাথায় বন্দুক ঠেকিয়ে তাঁদের প্রাণে মেরে ফেলার হুমকি দেয়।

আন্দোলনকারী মহিলাদের একাংশ জানান, পঞ্চায়েতে গিয়ে তাঁরা জানতে পারেন যে তাঁদের নামে একাধিক ব্যাংক অ্যাকাউন্ট রয়েছে। গ্রামের মহিলাদের দাবি, তাঁদের নামের টাকা কারা এবং কীভাবে আত্মসাৎ করল, তার সঠিক তদন্ত করতে হবে। পাশাপাশি, এই দুর্নীতির সাথে যুক্ত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং নিজেদের ন্যায্য পাওনা ফেরত চান তাঁরা।

oooooooooooooooooooooooo

বাঁকুড়ার তৃণমূল কাউন্সিলার পিঙ্কি চক্রবর্তীর স্বামী তৃণমূল নেতা পীযূষ চক্রবর্তীকে তোলাবাজি ও মাফিয়া কার্যকলাপের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে। বাঁকুড়া সদর থানার পুলিশ গতরাতে তাকে গ্রেপ্তার করে।

আজ অভিযুক্তকে বাঁকুড়া জেলা আদালতে তোলা হবে।

oooooooooooooooooooooooo

ঘর্মাক্ত ও অস্বস্তিকর গরমে নাজেহাল দক্ষিণবঙ্গের মানুষ। বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা থাকলেও বাতাসে আদ্রতার পরিমাণ বেশি থাকায় অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। তবে বুধবারের পর থেকে তাপমাত্রা ২ থেকে ৩ ডিগ্রি পর্যন্ত কমতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে তিন ডিগ্রি বেশি। গত ২৪ ঘন্টায় সবচেয়ে বেশি সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পুরুলিয়ায় ৪২ ডিগ্রিরও বেশি।

ঝাড়গ্রাম পশ্চিম মেদিনীপুর পুরুলিয়া বাঁকুড়া পশ্চিম বর্ধমান এবং বীরভূম জেলায় আজ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এদিকে উত্তরবঙ্গে অনুকূল বায়ু প্রবাহ থাকার কারণে আলিপুরদুয়ার জেলায় আজও ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। জলপাইগুড়ি এবং কোচবিহার জেলায় রয়েছে ভারী বৃষ্টির পূর্বাভাস । গত ২৪ ঘন্টায় জলপাইগুড়ির কুমলাই তে , ৬৬ মিলিমিটারের বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

oooooooooooooooooooo

ইডেনে এবারের IPL-এ লিগ পর্যায়ে তাদের শেষ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটালস-এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। **১৩** ম্যাচে **১৩** পয়েন্ট সংগ্রহ করে KKR পয়েন্ট তালিকায় ষষ্ঠ স্থানে আছে।

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo